



একাত্তরে ভূমিকার কারণেই আ. লীগের সমর্থন চায় জামায়াত: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামী এখন আওয়ামী লীগের সমর্থন চাইছে বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। তাঁর দাবি, ১৯৭১ সালে দলটির দেশবিরোধী ভূমিকার কারণেই এমন পরিস্থিতি তৈরি হয়েছে।

শনিবার (২৪ অক্টোবর) সকালে ডেঙ্গু সচেতনতায় ঢাকা দক্ষিণ বিএনপির লিফলেট বিতরণ কর্মসূচিতে অংশ নিয়ে তিনি এসব কথা বলেন।

রিজভী অভিযোগ করেন, চকলেট পাওয়ার কথা বলে বিরোধী দল জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। অথচ বিরোধী দল হিসেবে তারা সরকারের কাছ থেকে সব ধরনের সুবিধা নিচ্ছে।

বিএনপি আওয়ামী লীগের সঙ্গে চুক্তি করে ক্ষমতায় এসেছে—এমন দাবি করা হলে সেই চুক্তির কাগজ জনগণের সামনে প্রকাশ করার আহ্বান জানান রিজভী। তিনি বলেন, আওয়ামী লীগের সঙ্গে বিরোধী দলের সম্পৃক্ততার প্রমাণ সবার কাছেই রয়েছে।